

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.২০৭.১৮-১৫৬২/৩

তারিখ : ২৬/১১/২০১৯ খ্রি.

বিষয় : লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজ এর অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৯.২৯১৬(৪) তারিখ : ২৩/০৭/২০১৯ খ্রি.

(২) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৮৪৬৫/২০১৯ এবং আপিল ভাগের ২৭১১/২০১৯ এর আদেশ;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখে জারিকৃত জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না। জনাব এ.এস.এম মনওয়ারুল ইসলাম এর বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় জনবল কাঠামো মোতাবেক পুন:নিয়োগ দেয়ার সুযোগ না থাকায় মাউশির ২৩/০৭/২০১৯ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৯.২৯৬৪(৪) নং পত্র মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের কাছে দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশনা দেয়া হয়। মাউশির ২৩/০৭/২০১৯ খ্রি. তারিখের পত্রের সিদ্ধান্তের বিরুদ্ধে রিট পিটিশন নং ৮৪৬৫/২০১৯ দায়ের করেন।

আইন শাখার মতামত: লালমনিরহাট জেলার কালিগঞ্জ উপজেলাধীন উত্তরবাংলা কলেজের অধ্যক্ষ এ এস এম মনওয়ারুল ইসলাম এর চাকুরীর মেয়াদ ৬০ বছর পার হওয়ার পরও দায়িত্ব পালন করায় বিষয়টি মন্ত্রণালয় এবং অধিদপ্তরের দৃষ্টিগোচর হলে গত ২৩/০৭/২০১৯ খ্রি. তারিখে অত্র অধিদপ্তর হতে মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের পরিপত্র মোতাবেক জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশনা প্রদান করে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং গভর্নিং বডির সভাপতিকে পত্র দেয়া হয়। উক্ত পত্রকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৮৪৬৫/২০১৯ দায়ের হলে গত ৩১/০৭/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে বর্ণিত পত্রের কার্যকারিতা ০৪ মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিপিএল নং ২৭১১/২০১৯ দায়ের হলে মহামান্য আপীল বিভাগ কর্তৃক হাইকোর্ট বিভাগের অন্তর্বর্তীকালীন আদেশ স্থগিত করা হয়। যেহেতু সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আদেশ স্থগিত হয়ে যায়। ফলে অত্র অধিদপ্তর হতে বিগত ২৩/০৭/২০১৯ খ্রি. তারিখের পত্রের কার্যকারিতা বহাল আছে। এক্ষেত্রে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করা জন্য নির্দেশ দেয়া যেতে পারে।

এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে মাউশি অধিদপ্তরের বিগত ২৩/০৭/২০১৯ খ্রি. তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alwaz 26.11.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব এ.এস.এম মনওয়ারুল ইসলাম

অধ্যক্ষ

উত্তর বাংলা ডিগ্রি কলেজ

কালিগঞ্জ, লালমনিরহাট।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

(১) সভাপতি, গভর্নিং বডি, উত্তর বাংলা ডিগ্রি কলেজ, কালিগঞ্জ, লালমনিরহাট ;

(২) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কালিগঞ্জ শাখা, লালমনিরহাট;

(উচ্চ আদালতের রায় এবং বিধি মোতাবেক জনাব এ.এস.এম মনওয়ারুল ইসলাম এর অধ্যক্ষের দায়িত্ব পালনের সুযোগ না থাকায় তাঁর স্বাক্ষরে কোন বেতন বিল পাশ না করার জন্য বলা হলো)

(৩) সংরক্ষণ নথি।